



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম।



বিজ্ঞপ্তি নং: এ-২(৬)/০৪/২০১৮

তারিখ: ০৪-০৯-২০১৮

-: নিয়োগ বিজ্ঞপ্তি :-

এ বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেল এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের (নিয়োগ) জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

ক্রমিক	পদের নাম	দপ্তরের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল-২০১৫
১	নেটওয়ার্ক টেকনিশিয়ান (স্থায়ী)	আইসিটি সেল	০১টি	৳ ১১,০০০-২৬,৫৯০/-
২	ডাটা এন্ট্রি অপারেটর (স্থায়ী)	ঐ	০১টি	৳ ১১,০০০-২৬,৫৯০/-
৩	হার্ডওয়্যার টেকনিশিয়ান (স্থায়ী)	ঐ	০১টি	৳ ১১,০০০-২৬,৫৯০/-
৪	নেটওয়ার্ক টেকনিশিয়ান (অপটিক্যাল ফাইবার) (স্থায়ী)	ঐ	০১টি	৳ ১১,০০০-২৬,৫৯০/-

পদ সমূহের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

ক্রমিক-১, ২ ও ৩ নং পদের জন্য প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড সিড ও ইন্টারনেট পরিচালনায় জ্ঞান থাকতে হবে। আইসিটি সংক্রান্ত যেকোন স্বীকৃত প্রতিষ্ঠানের ৩-৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার রক্ষণাবেক্ষণ এবং সাচিবিক কাজের দক্ষতা থাকতে হবে। নিয়োগপ্রাপ্তদের মাঠ পর্যায়ে কাজ করতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৪ নং পদের জন্য প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড সিড ও ইন্টারনেট পরিচালনায় জ্ঞান থাকতে হবে। আইসিটি সংক্রান্ত যেকোন স্বীকৃত প্রতিষ্ঠানের ৩-৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণের কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হতে। নিয়োগপ্রাপ্তদের মাঠ পর্যায়ে কাজ করতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

*মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদিপূরণ সাপেক্ষে সরকারী সিদ্ধান্তানুসারে কোটা নির্ধারিত থাকবে।

রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে দরখাস্তের ফি বাবদ ৳৪০০(চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংগ্রহ পূর্বক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার অফিসের সংশ্লিষ্ট শাখা হতে ০১(এক) কপি নমুনা ফরম সংগ্রহ করে আগামী ২৩-০৯-২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকা) নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬(ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১(এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌছানো বুকির্পূর্ণ বলে সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পাঠানোর জন্য পরামর্শ দেয়া হলো।


মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্য কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. (শেষ মূল বেতন সনদ) গ্রহণ করা হবে না।

সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ এর সত্যায়িত কপি অবশ্যই দরখাস্তের সংগে সংযুক্ত করতে হবে।

কোন বিভাগ/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা' অবশ্যই আলাদাভাবে উল্লেখ করতে হবে।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত অথবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবেনা।

চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।


(কে. এম. নূর আহমদ)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।